# শিশু গৃহকর্মী নির্যাতন অভিযোগে বিমানের এমডি স্ত্রীসহ কারাগারে



ছবি: সংগৃহীত

১১ বছর বয়সী এক শিশু গৃহকর্মীকে নির্যাতনের অভিযোগে করা মামলায় বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও সাফিকুর রহমান, তার স্ত্রী বীথি এবং আরও দুইজনকে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

সোমবার (২ ফেব্রুয়ারি) এ আদেশ দেওয়া হয়। মামলার অন্য দুই আসামি হলেন সাফিকুর রহমানের বাসায় কর্মরত গৃহকর্মী রুপালী খাতুন ও মোছা. সুফিয়া বেগম।

এর আগে রোববার (১ ফেব্রুয়ারি) রাতে রাজধানীর উত্তরা এলাকার বাসা থেকে সাফিকুর রহমান, তার স্ত্রী এবং ওই দুই গৃহকর্মীকে গ্রেপ্তার করে পুলিশ।

অভিযোগ অনুযায়ী, তাদের বাসায় কর্মরত ওই শিশুকে দীর্ঘ সময় ধরে শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে। ভুক্তভোগীর পরিবার থানায় অভিযোগ দায়ের করলে পুলিশ অভিযান চালিয়ে চারজনকে আটক করে।

LENS ASIA